**পরিশিষ্ট-“খ”**

**চুক্তিনামা**

মোটরগাড়ি ক্রয়ের জন্য ঋণ গ্রহণের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনের ফরম.................................সালের ......................মাসের .........................তারিখে ১ম পক্ষ..............................(পরবর্তীকালে ঋণ গ্রহীতা হিসেবে অভিহিত যা তাঁর আইনগত প্রতিনিধি এবং স্বত্বনিয়োগীকে বুঝাবে) এবং ২য় পক্ষ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিডেট (বাপেক্স) এর মধ্যে সম্পাদিত চুক্তি।

যেহেতু অগ্রিম গ্রহীতা মোটরগাড়ি ক্রয় ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২১ অনুসারে মোটরগাড়ি ক্রয় করার জন্য ............টাকা ঋণের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবর আবেদন করেছেন এবং কর্তৃপক্ষ পরবর্তীতে বর্ণিত শর্তাবলীতে এ ঋণ প্রদানে সম্মত হয়েছে।

সুতরাং কর্তৃপক্ষ কর্তৃক ঋণ গ্রহীতাকে.................টাকা প্রদানের পরিপ্রেক্ষিতে (ঋণ গ্রহীতা এতদ্বারা যারা প্রাপ্তি স্বীকার করলেন), ঋণ গ্রহীতা এ মর্মে কোম্পানির সাথে সম্মত হলেন যে,

(১) মোটাগাড়ি ক্রয় ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২১ মতে মাসিক বেতন বিল হতে কর্তনের মাধ্যমে এ ঋণের অর্থ ১২০ টি সমান কিস্তিতে তিনি পরিশোধ করবেন এবং এ কর্তন করার জন্য তিনি এতদ্বারা কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদান করলেন;

(২) এ চুক্তি সম্পাদনের তারিখ হতে অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে তিনি এ ঋণের সম্পূর্ণ অর্থ মোটরগাড়ি ক্রয় ও রেজিস্ট্রেশন ইত্যাদি খরচ সম্পন্ন করার জন্য ব্যয় করবেন এবং প্রকৃত মূল্য ও রেজিষ্ট্রশন খরচ ইত্যাদি যদি ঋণ অপেক্ষা কম হয় তবে অবশিষ্ট অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে কোম্পানিকে ফেরত দিবেন; এবং

(৩) প্রদত্ত ঋণ ও তজ্জনিত সুদের টাকার (প্রযোজ্য ক্ষেত্রে) জামানত হিসেবে মোটর গাড়ি ক্রয় ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২১ এ বর্ণিত “বন্ধকী” ফরমে মোটর গাড়িটি কোম্পানির নিকট দায়বদ্ধ করবেন।

এবং সর্বশেষে আরও সম্মত হওয়া যাচ্ছে এবং ঘোষণা করা যাচ্ছে যে, যদি মোটরগাড়ি উপর্যুক্ত মতে এ দলিল স্বাক্ষরের ৯০ (নব্বই) দিনের মধ্যে ক্রয় ও দায়বদ্ধ করা না হয়, অথবা ঋণ গ্রহীতা দেউলিয়া হন বা চাকরি ত্যাগ করেন; বাধ্যতামূলক অবসর গ্রহণ অথবা যে কোন কারণে চাকরির অবসান বা মৃত্যুবরণ করেন তাহলে ঋণের সম্পূর্ণ অর্থ এবং তার সঞ্চিত জরিমানা ও সার্ভিস চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) অবিলম্বে পাওনা পরিশোধ করবেন।

উপরে বর্ণিত সমুদয় বয়ানের সাক্ষ্য স্বরূপ ঋণ গ্রহীতা উল্লিখিত বছর ও তারিখে স্বহস্তে স্বাক্ষর করলেন।

নিম্নেবর্ণিত সাক্ষীগণের সম্মুখে স্বাক্ষর করলেন। :

ঋণগ্রহীতার স্বাক্ষর ও তারিখ

সীল

মোবাইল

ই-মেইল

**১ম সাক্ষী**

স্বাক্ষর..................................................

নাম....................................................

ঠিকানা..................................................

পেশা......................................................

মোবাইল নম্বর..........................................

ই-মেইল................................................

**২য় সাক্ষী**

স্বাক্ষর..................................................

নাম....................................................

ঠিকানা..................................................

পেশা......................................................

মোবাইল নম্বর..........................................

ই-মেইল................................................

কোম্পানির প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ, সীল

**ফরম-'গ'**

**মোটর গাড়ি অগ্রিমের জন্য বন্ধকী ফরম**

এ চুক্তিপত্র ................................ সনের............................. মাসের ....................... তারিখে একপক্ষে .............................. (পরবর্তীতে ঋণ গ্রহীতা হিসেবে অভিহিত) এবং অপরপক্ষে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (পরবর্তীতে বাপেক্স হিসেবে অভিহিত) এর মধ্যে সম্পাদিত হলো। যেহেতু, মোটরগাড়ি ক্রয় ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২১ অনুসারে মোটর গাড়ি ক্রয় করার জন্য ................... টাকা ঋণ মঞ্জুরির আবেদন করেছেন এবং তা মঞ্জুর করা হয়েছে। এবং যেহেতু বর্ণিত ঋণ মঞ্জুরির অন্যতম শর্ত এই যে, প্রদত্ত অগ্রিমের জামানত হিসেবে ঋণ গ্রহীতা কোম্পানির নিকট এ মোটরগাড়ি দায়বদ্ধ করবেন।

এবং

যেহেতু ঋণ গ্রহীতা প্রদত্ত ঋণ বা তার অংশ বিশেষ দ্বারা মোটরগাড়ি ক্রয় করেছেন যার বিশদ বর্ণনা নিম্নে লিপিবদ্ধ তফসিলে উদ্বৃত হলো:

সুতরাং এ চুক্তিপত্রের বয়ান এই যে, বর্ণিত চুক্তি অনুসারে এবং পূর্বোক্ত বিষয়সমূহের বিবেচনায় ঋণ গ্রহীতা এ মর্মে বাপেক্স-এর সাথে চুক্তিবদ্ধ হচ্ছেন যে, তিনি বাপেক্সকে ........................... টাকা এবং উক্ত অর্থের উপর সরল সুদ (প্রযোজ্য ক্ষেত্রে প্রদান করবেন অথবা এ চুক্তির তারিখে যে পরিমাণ পাওনা অবশিষ্ট আছে, তা কিস্তির সিডিউলে মোতাবেক সমান কিস্তিতে মাসের প্রথম দিনে প্রদান করবেন এবং বর্ণিত গাড়ি ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে এ সময়ে পাওনা অর্থের উপর সঞ্চিত জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করবেন এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরও সম্মতি দিচ্ছেন যে, বর্ণিত মোটরগাড়ি ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুসারে প্রদেয় এ অর্থ তাঁর মাসিক বেতনের বিল হতে কর্তনের মাধ্যমে আদায় করা হবে এবং চুক্তির আরো শর্ত অনুসারে ঋণ গ্রহীতা এতদ্বারা এ মোটরগাড়ি বর্ণিত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২১ অনুসারে বর্ণিত ঋণ এবং তার উপর সঞ্চিত সুদের জামানত হিসেবে বাপেক্স বরাবর এর স্বত্ব ন্যস্ত এবং হস্তান্তর করলেন। ঋণ গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হয়ে ঘোষণা দিচ্ছেন যে, তিনি বর্ণিত মোটরগাড়ি ক্রয় মূল্য পূর্ণভাবে পরিশোধ করেছেন ও তা সম্পূর্ণভাবে তার নিজস্ব সম্পত্তি এবং তিনি তা কোথাও বন্ধক দেননি এবং বর্ণিত ঋণ বাবদ বাপেক্সকে যে পর্যন্ত কোন অর্থ প্রদেয় থাকে সে পর্যন্ত তিনি বাপেক্সের অনুমতি ব্যতীত এ সম্পত্তি বিক্রয়, বন্ধক বা তার দখল ত্যাগ করবেন না এবং মোটরগাড়ি মালিকানা হস্তান্তর করবেন না। এখানে আরও উল্লেখ করা যায় এবং এটা স্বীকৃত ও ঘোষিত হচ্ছে যে, যদি কোন কিস্তি অথবা তার সুদ (প্রযোজ্য ক্ষেত্রে) পূর্বে বর্ণিত পদ্ধতি অনুসারে পাওনা হওয়ার দশ দিনের মধ্যে প্রদত্ত না হয় বা আদায় না হয়, অথবা ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করেন বা কোন সময়ে চাকুরীরত না থাকেন, অথবা যদি ঋণ গ্রহীতা এ সম্পত্তি বিক্রয়, বন্ধক অথবা দেউলিয়া হন, অথবা তাঁর পাওনাদারের সঙ্গে কোন ব্যবস্থায় উপনীত হন অথবা কোন ব্যক্তি ঋণ গ্রহীতার বিরুদ্ধে ডিক্রি জারি বা রায় কার্যকর করেন, তবে তখন পর্যন্ত সমুদয় পাওনা অনাদায়কৃত অংশ এবং পূর্বে বর্ণিত মতে ধার্যকৃত সুদ তাৎক্ষণিকভাবে প্রদানযোগ্য হবে।

এবং

এ মর্মে স্বীকৃত হওয়া যাচ্ছে এবং ঘোষণা করা যাচ্ছে যে, পূর্বে বর্ণিত কোন একটি ঘটনা ঘটলে বাপেক্স বর্ণিত মোটরগাড়ি বাজেয়াপ্ত করে তার মালিকানা গ্রহণ করবেন এবং তা স্থানান্তর না হওয়া পর্যন্ত তাঁর মালিকানায় থাকবে অথবা তা স্থানান্তর করে খোলা নিলামে অথবা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে চুক্তি করে বিক্রয় করবেন। বিক্রয়লব্ধ অর্থ হতে ও ঐ সময় পর্যন্ত সঞ্চিত সুদ (প্রযোজ্য ক্ষেত্রে) হতে সে সময় পর্যন্ত অপরিশোধিত ঋণ পরিশোধের জন্য এবং এ চুক্তির অধীন তাঁর অধিকার সংরক্ষণের জন্য বা আদায়ের জন্য এবং উদ্ধার করার জন্য সমুদয় ব্যয় এবং সকল প্রকার দায় মিটানোর জন্য ব্যবহার করবেন এবং এর অতিরিক্ত কোন অর্থ থাকলে ঋণ গ্রহীতা, তাঁর উইল নির্বাহক, প্রশাসক বা ব্যক্তিগত প্রতিনিধিকে প্রদান করবেন। আরও শর্ত থাকে যে, বর্ণিত মোটর গাড়ির স্বত্ব গ্রহণ এবং বিক্রয়ের ক্ষমতা, বাপেক্স কর্তৃক বিক্রয়লব্ধ নীট অর্থ যদি পাওনা হতে কম হয় তবে অবশিষ্ট অর্থের জন্য ঋণ গ্রহীতা অথবা তার ব্যক্তিগত প্রতিনিধির বিরুদ্ধে মামলা করার অধিকার ক্ষুন্ন করবে না। এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরও স্বীকৃত হচ্ছেন যে, যতদিন বাপেক্স তাঁর নিকট কোন অর্থ পাওনা থাকবে ততদিন ঋণ গ্রহীতা কোনরূপ অগ্নি, চুরি বা দুর্ঘটনার কারণে কোনরূপ ক্ষতি সাধিত হলে বাপেক্স এর নিকট কোনরূপ ক্ষতিপূরণ বা পাওনা কর্তনের বিষয়ে কোনরূপ মার্জনা দাবী করবেন না এবং ঋণ গ্রহীতা এ মর্মে আরো স্বীকৃত হচ্ছে যে, যুক্তিসঙ্গত ক্ষয়

ও অপচয়ের কারণে যতটুকু অবনতি হওয়া গ্রহণযোগ্য, তা অপেক্ষা মোটরগাড়ির কোন অতিরিক্ত ক্ষতিসাধন বা বিনষ্ট ঘটাবেন না। এবং যদি কোন ক্ষতি বা দুর্ঘটনা হয়ে থাকে তবে ঋণগ্রহীতা অবিলম্বে তা মেরামত করাবেন ও ক্ষতিপূরণ করবেন।

উপরে বর্ণিত বয়ানের সাক্ষ্য স্বরূপ ঋণগ্রহীতা উল্লিখিত বছরে ও তারিখে স্বহস্তে স্বাক্ষর প্রদান করলেন।

মোটর গাড়ির বিবরণ:
প্রস্তুতকারীর নাম:
বর্ণনা: সিলিন্ডারের সংখ্যা-
ইঞ্জিন নম্বর-
চেসিস নম্বর-
ক্রয় মূল্য-

..............................................এর উপস্থিতিতে ঋণ গ্রহীতা .............................................স্বাক্ষর করলেন।